# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৬তম বর্ষ ❑ এগার তম সংখ্যা ❑ ফাল্গুন-১৪২৯, ফেব্রুয়ারি-মার্চ -২৩ ❑ পৃষ্ঠা ৮



*সেবার ক্ষেত্রে কোন দুর্বলতা থাকা যাবে না ...* ২

*আমরা যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি, এই ছোট্ট দেশে ...* ৩

*দিনাজপুরে পাটজাতীয় ফসলের আঁশ ও বীজ উৎপাদন ...* ৪

*নতুন জাতের বারি টমেটো-১৭ ভাইরাস ও রোগ ...* ৫


## ফলন বাড়াতে কৃষিবিদদের গবেষণা চালিয়ে যাওয়ার নির্দেশ মাননীয় প্রধানমন্ত্রীর







*মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ৫০ বছরপূর্তি এবং 'বঙ্গবন্ধু-পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র'-এর উদ্বোধন অনুষ্ঠানে বক্তৃতা করেন (বৃহস্পতিবার, ২৩ ফেব্রুয়ারি ২০২৩)।-পিআইডি*

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈশ্বিক প্রতিকূল পরিস্থিতি ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে খাদ্যশস্যের ফলন বাড়াতে প্রচেষ্টা চালিয়ে যাওয়ার জন্য কৃষিবিদদের প্রতি নির্দেশ দিয়েছেন। মাননীয় প্রধানমন্ত্রী বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)র সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধনকালে এ কথা বলেন। তিনি বলেন, 'বৈশ্বিক পরিস্থিতির প্রেক্ষিতে, আমাদের নিজেদের খাদ্যশস্য উৎপাদন করতে হবে।' জলবায়ু পরিবর্তনের প্রেক্ষিতেও বাংলাদেশকে ঐতিহ্যগত শস্যের পাশাপাশি নতুন জাতের শস্য উৎপাদন করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গাজীপুরে ব্রি-তে বঙ্গবন্ধু-পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্রের উদ্বোধন করেন।

টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরতে বহুমুখী গবেষণা, প্রশিক্ষণ ও উন্নয়ন অংশীদারিত্বে সহযোগিতার লক্ষ্যে কানাডার সাচকাচুয়ান বিশ্ববিদ্যালয়ে গোবাল

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩*

## জাপানে আম রপ্তানি শুরু হবে শীঘ্রই -মাননীয় কৃষিমন্ত্রী



*সচিবালয়ে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি এর সাথে ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনরি (Iwama Kiminori) বৈঠক*

জাপানে আম রপ্তানির কাজ প্রায় চূড়ান্ত ও শীঘ্রই আম রপ্তানি শুরু হবে বলে জানিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, বাংলাদেশের আম নিতে জাপানের আগ্রহ রয়েছে। রপ্তানির ক্ষেত্রে জাপানের পূর্বশর্ত পূরণে কাজ চলছে। দুইদেশ একসাথে কাজ করছে। শীঘ্রই জাপানে আম রপ্তানি শুরু হবে।

*এরপর পৃষ্ঠা ২ কলাম ৩*

## করোনা কালীন মহামারীতেও বাংলার কৃষকেরাই মাঠে থেকে দেশকে বাঁচিয়ে রেখেছিল - কৃষি সচিব



*মাঠ দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার, কৃষি মন্ত্রাণালয়*

কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার মহোদয় বলেন, করোনা কালীন মহামারীতেও বাংলার কৃষকেরাই মাঠে থেকে দেশকে বাঁচিয়ে রেখেছিল। মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে কৃষি আজ এগিয়ে চলছে। অন্যান্য দেশে যখন খাদ্যের জন্য হিমশিম খাচ্ছে, তখন আমাদের দেশে দানাদার খাদ্যের কোন সমস্যা নাই। সরকার রাসায়নিক সারের জন্য অনেক ভর্তুকি দেয়। এর একমাত্র কারণ কৃষকদের যেন কষ্ট না হয়

*এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩*

## কৃষক ভাইদের কৃষির উন্নত প্রযুক্তি গ্রহণের উদাত্ত আহ্বান জানান

জনাব হাসানুল হক ইনু, জাতীয় সংসদ সদস্য, কুষ্টিয়া-২ এবং সভাপতি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি কৃষক ভাইদের কৃষির উন্নত প্রযুক্তি গ্রহণের উদাত্ত আহবান জানান। সেই সাথে তিনি নিরাপদ ও পুষ্টি সমৃদ্ধ স্বাদযুক্ত ফলমূল শাক- সবজি উৎপাদনে কৃষক ভাইদের পাশে থেকে কাজ করার জন্য কৃষি কর্মকর্তাদের পরামর্শ প্রদান করেন। কুষ্টিয়া জেলার ভেড়ামারা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে কুষ্টিয়া ও যশোর অঞ্চল কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পরিষদ মাঠ প্রাঙ্গণে ০৩ দিনব্যাপী ১৪-১৬ ফেব্রুয়ারি ২০২৩ কৃষি প্রযুক্তি মেলা'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। ভেড়ামার উপজেলা নির্বাহী অফিসার, জনাব হাসিনা মমতাজ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আলহাজ্ব আব্দুল আলিম স্বপন, সাংগঠনিক সম্পাদক, জাসদ কেন্দ্রীয় কমিটি; জনাব আলহাজ্ব শামিমুল ইসলাম ছানা, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, ভেড়ামারা উপজেলা শাখা; জনাব আবু হেনা মোস্তফা কামাল মুকুল, প্যালেন চেয়ারম্যান-১ জেলা পরিষদ, কুষ্টিয়া; জনাব বুলবুল হাসান পিপুল, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ; জনাব ইন্দোনেশিয়া সিটু, মহিলা ভাইস চেয়ারম্যান; জনাব এমদাদুল ইসলাম আতা, সভাপতি, জাসদ, ভেড়ামারা শাখা; জনাব এসএম আনছার আলী, সাধারণ সম্পাদক, ভেড়ামারা প্রমুখ উপস্থিত ছিল অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কৃষিবিদ জনাব মাহমুদা সুলতানা, অতিরিক্ত কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভেড়ামারা কুষ্টিয়া।




*কৃষি প্রযুক্তি মেলা ২০১৩ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন জনাব হাসানুল হক ইনু, জাতীয় সংসদ সদস্য, কুষ্টিয়া-২*

*আসাদুল্লাহ, কৃতসা, পাবনা*

## সেবার ক্ষেত্রে কোন দুর্বলতা থাকা যাবে না

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া বলেন কৃষিতে "সেবার ক্ষেত্রে কোন দুর্বলতা থাকা যাবে না এবং সর্বোচ্চ সেবা দিতে হবে। সেই লক্ষ্যে নিজেকে প্রস্তুত রাখতে হবে সব সময়। আত্মতৃপ্তির বিষয় হচ্ছে সর্বোচ্চ থেকে নিম্ন পর্যায়ে কর্মকর্তারা সব সময় যথাপোযুক্ত সেবা দিয়ে যাচ্ছেন। তাই কৃষি বিভাগ প্রশংসার দাবিদার। প্রকল্পের মাধ্যমে অনাবাদি জমিকে সর্বোচ্চ আবাদের আওতায় নিয়ে আসতে হবে। একান্ত অপরিহার্য ব্যতীত কোন প্রকল্প নেওয়া যাবেনা এটা মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশ"। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চট্টগ্রাম ও রাঙ্গামাটি অঞ্চলের আয়োজনে ১১ফেব্রুয়ারি ২০২৩ "লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় আঞ্চলিক কর্মশালা ২০২২-২০২৩ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ হলরুম, আগ্রাবাদ, চট্টগ্রামে প্রধান অতিথি এসব কথা বলেন।

তিনি বলেন প্রত্যেক পরিবারে অন্তত একটি হলেও লেবু জাতীয় ফসল তথা বাতাবি লেবু, মাল্টা, লেবু, কমলা গাছ থাকতে হবে এবং প্রকল্পের মাধ্যমে কৃষক পর্যায়ে উৎপাদিত পণ্য বিক্রয়ের প্রয়োজনে বিভিন্ন অ্যাপস বা মিডিয়াসহ প্রত্যেক জেলার কৃষি বিপণন বিভাগের সাথে যুক্ত হয়ে বিপণনের সহযোগিতা করার পরামর্শ প্রদান করেন।

উক্ত অনুষ্ঠানে কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর সভাপতিত্বে চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অতিরিক্ত পরিচালকগণ, জেলা ও উপজেলা পর্যায়ের কৃষি মন্ত্রণালয়ের দপ্তর সংস্থারসমূহের কর্মকর্তাগণ, প্রকল্পের আওতাভুক্ত কৃষক, মিডিয়া কর্মী ও কৃষি তথ্য সার্ভিস এর রাঙ্গামাটি ও চট্টগ্রাম আঞ্চলের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।




*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়*

*সৌরভ চন্দ্র বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম*

## কৃষি উদ্যোক্তার মাধ্যমে লেবুজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি করে দেশব্যাপী বিপ্লব ঘটাতে হবে

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সিলেট অঞ্চল কর্তৃক আয়োজিত লেবুজাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় আঞ্চলিক কর্মশালা- ২০২২-২৩ (সিলেট ও কুমিল্লা অঞ্চল) সিলেট জেলা পরিষদের মিলনায়তনে ২৫ ফেব্রুয়ারি ২০২৩ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো. মোশাররফ হোসেন খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. মো. রেজাউল করিম, পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

তিনি বলেন কৃষি উদ্যোক্তাদের মাধ্যমে লেবুজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি করে দেশব্যাপী বিপ্লব ঘটাতে হবে। কমলা ও মাল্টাতে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের মাধ্যমে রপ্তানির যোগ্যতা অর্জন করতে হবে। দেশে মাল্টা, বাতাবি লেবু, কমলা,

*এরপর পৃষ্ঠা ৭ কলাম ১*

## জাপানে আম রপ্তানি শুরু হবে শীঘ্রই –মাননীয় কৃষিমন্ত্রী

*প্রথম পাতার পর*

একইসঙ্গে অন্যান্য ফলমূল ও শাক-সবজি রপ্তানির সুযোগ তৈরি হবে।

২২ ফেব্রুয়ারি ২০২৩ বুধবার দুপুরে সচিবালয়ে ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনরি (Iwama Kiminori) সাথে বৈঠক শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। জাপান কৃষিবিজ্ঞানীদের প্রশিক্ষণ, বাংলাদেশে কৃষিযন্ত্র তৈরির কারখানা স্থাপন ও কৃষিখাতে সহযোগিতা আরো বাড়াবে বলে জানান মাননীয় কৃষিমন্ত্রী। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাপান সফরের সময় এসব বিষয়ে সমঝোতা স্মারক সই হবে।

জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনরি বলেন, কৃষিখাতে জাপান-বাংলাদেশের সহযোগিতা আরো বাড়াতে চাই। সেজন্য, সমঝোতা স্মারক স্বাক্ষর করতে চাচ্ছি যাতে করে সহযোগিতার অগ্রাধিকার খাতগুলো চিহ্নিত করে সম্পর্ককে আরো শক্তিশালী করা যায়।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় আঞ্চলিক কর্মশালা ২০২৩ অনুষ্ঠিত

দেশের বীজের চাহিদা পূরণের লক্ষ্যে আধুনিক প্রযুক্তির মাধ্যমে কৃষক পর্যায়ে উন্নতমানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্পের আওতায় গত ০৩ মার্চ আঞ্চলিক কর্মশালা-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চট্টগ্রামে অনুষ্ঠিত সভায় কৃষিবিদ ড. অরবিন্দ কুমার রায়, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আবু জুবাইর হোসেন বাবলু, যুগ্ম সচিব (সম্প্রসারণ) কৃষি মন্ত্রণালয়, ঢাকা। প্রধান অতিথি কৃষি বিভাগকে সর্বাত্মক সহযোগিতার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং কৃষি উৎপাদনকে ধরে রাখার জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ প্রদান করেন। উক্ত অনুষ্ঠানের চট্টগ্রাম আঞ্চলের সংশ্লিষ্ট জেলার উপপরিচালকগণ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বারি; মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এসআরডিআই; বিএডিসি, ব্রি, বিনা, বীজ প্রত্যয়ন এজেন্সীসহ সংশ্লিষ্ট জেলা ও উপজেলার পর্যায়ে কর্মকর্তা, কৃষক প্রতিনিধি ও কৃষি তথ্য সার্ভিসের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

*সৌরভ চন্দ্র বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম*




*কর্মশালায় বক্তব্য রাখছেন প্রধান অতিথি জনাব মোঃ আবু জুবাইর হোসেন বাবলু, যুগ্ম সচিব (সম্প্রসারণ) কৃষি মন্ত্রণালয়, ঢাকা*

## "আমরা যুদ্ধ করে দেশ স্বাধীন করেছি, এই ছোট্ট দেশে নিজের খাদ্য আমরা নিজেই তৈরি করব"

### কৃষি সচিব, কৃষি মন্ত্রণালয়




*মাঠ দিবসে বক্তব্য রাখছেন সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার, কৃষি মন্ত্রাণালয়*

৩ মার্চ ২০২৩ তারিখে চাঁপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলার শেরপুর গ্রামে ক্রপ জোনিং প্রকল্পের "খামারি" মোবাইল অ্যাপ-এর কার্যকারিতা, গমের আধুনিক জাত বারি গম ৩৩-এর প্রদর্শনী ট্রায়ালের মাঠ পর্যায়ে যাচাই বিষয়ক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডক্টর শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মোঃ আব্দুস সালাম, সদস্য পরিচালক ও কোঅডিনেটর, ক্রপ জোনিং প্রকল্প, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল। অনুষ্ঠানটির আয়োজক ছিল বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এবং অর্থায়নে বাংলাদেশ কৃষি গবেষণা ফাউন্ডেশন, ফার্মগেট, ঢাকা।

*কৃষিবিদ মোঃ আব্দুল্লাহ -হিল-কাফি*
*কৃতসা, রাজশাহী*

## ঢাকায় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার আইন সচেতন বিষয়ক সভা অনুষ্ঠিত

কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি ঢাকা কতৃর্ক আয়োজিত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার আইন সচেতন বিষয়ক সভা কৃষি তথ্য সার্ভিস, ঢাকা আঞ্চলিক কার্যালয়ে ১২ মার্চ ২০২৩ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ড. সুরজিত সাহা রায়, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস। আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, সাবরিনা আফরোজ এর সঞ্চলনায় উক্ত সভায় উপস্থিত ছিলেন প্রফেসর আবু নোমান ফারুক আহম্মেদ, চেয়ারম্যান, প্লান্টপ্যাথলজি, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, তাপস কুমার ঘোষ, প্রকল্প পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, মোহাম্মদ মঞ্জুর হোসেন, ডিডি, গণযোগাযোগ, কৃষি তথ্য সার্ভিস, মোহাম্মদ গোলাম মাওলা, বেতার কৃষি অফিসার, কৃষি তথ্য সার্ভিস, মোঃ দেলোয়ার হাসান মজুমদার, এডিডি (শস্য), ডিএই, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার আইন সচেতন বিষয়ে কৃষি তথ্য সার্ভিসের বিভিন্ন সেবা ও কর্মপরিধি উপস্থিত স্টেকহোল্ডারগণের নিকট বর্ণনা করেন কৃষি তথ্য সার্ভিসের সম্পাদক ও ফোকাল পয়ে (সিটিজেন চার্টারস) জনাব ফেরদৌসী বেগম এবং ফিল্ম প্রোডাকশন অফিসার ও বিকল্প ফোকাল পয়েন্ট (তথ্য অধিকার আইন) মোঃ মোছলেহ উদ্দিন সিদ্দিকী। এ সভায় স্টেক হোল্ডারদের উপস্থিতে কৃষি কথার গ্রাহক বৃদ্ধির লক্ষ্যে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়, এটিআই সমূহ ও ডিএই এর আঞ্চলিক ও জেলা অফিস সমূহের সাথে কিভাবে সমন্বয় করা যায় এ বিষয় আলোচনা করা হয়। কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রগুলো থেকে কৃষক আরো সহজ উপায়ে কিভাবে তথ্য সভায় আরো উপস্থিত ছিলিন ফাল্গুনি মজুমদার, উপজেলা কৃষি অফিসার, হিয়া বিনতে হাবিব, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, মেট্রোপলিটন কৃষি অফিস,



পেতে পারে সে বিষয়ে কাজ করার নির্দেশনা প্রদান করা হয় এবং টিভি প্রোগ্রাম, বেতার পোগ্রাম, কৃষি কথার লিখাসহ আরো অনেক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

উত্তরা, এআইসির সদস্য, কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং কৃতসা ঢাকা অঞ্চলের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

*অপর্ণা বড়ুয়া, কৃতসা ঢাকা।*

## দিনাজপুরে পাটজাতীয় ফসলের আঁশ ও বীজ উৎপাদন বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন পাট গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. মোঃ আবদুল আউয়াল*

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, পাট বীজ উৎপাদন ও গবেষণা কেন্দ্র, নশিপুর, দিনাজপুরের আয়োজনে গত ১৮ ফেব্রুয়ারি ২০২৩ রোজ শনিবার সকাল ১০ ঘটিকায় “পাট জাতীয় ফসলের আঁশ ও বীজ উৎপাদন” বিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাট গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মোঃ আবদুল আউয়াল। প্রধান অতিথি বলেন পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত পাটের জাতগুলো হতে উন্নতমানের আঁশ পাওয়া যায় ও ফলন অনেক বেশি। বর্তমানে পাটের বাজার দর ভাল। তাই কৃষকদেরকে বিজেআরআই কর্তৃক উদ্ভাবিত জাতগুলো চাষাবাদের পরামর্শ প্রদান করেন ও মুক্ত আলোচনা করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাট গবেষণা ইনস্টিটিউট এর পরিচালক (কারিগরি) ইঞ্জিনিয়ার মো. মোসলেম উদ্দিন, পাট গবেষণা ইনস্টিটিউট এর পরিচালক (জুট টেক্সটাইল) ড. ফেরদৌস আরা দিলরুবা ও পাট গবেষণা ইনস্টিটিউট এর পরিচালক (প্রশাসন ও অর্থ) ড. এস এম মাহবুব আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাট গবেষণা ইনস্টিটিউট এর পরিচালক (কৃষি উইং) ড. নার্গিস আক্তার উক্ত অনুষ্ঠানে ৫০ জন কৃষক-কৃষাণি উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ শেষে কৃষক- কৃষাণীদের মাঝে বীজ বিতরণ করেন।

*মোঃ হারুন অর রশীদ, কৃতসা, রংপুর*

## কুমিল্লায় বিএডিসির বীজ ডিলার প্রশিক্ষণ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), বীজ বিতরণ এর অতিরিক্ত মহাব্যবস্থাপক কৃষিবিদ মোঃ ইদ্রিস মিয়া বলেন, দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনে মানসম্পন্ন বীজ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি উপস্থিত ডিলারদের উদ্দেশ্য করে বলেন, এখনো বিএডিসি কর্তৃক উৎপাদিত বীজ কৃষকের জন্য সহজলভ্য। এ বীজ চাষ করে কৃষকরা আর্থিকভাবে বেশি লাভবান হতে পারেন। অপরদিকে বিদেশী বীজের উপর নির্ভরশীল হলে একদিকে কৃষকের উৎপাদন ব্যয় বেড়ে যায় অপর দিকে দেশের টাকা বিদেশে চলে যায়। উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা কর্তৃক আয়োজিত ৫ মার্চ ২০২৩ উদ্যান উন্নয়ন কেন্দ্র, সৈয়দপুর, কুমিল্লা এর হল রুমে ২০২২-২৩ বর্ষে কুমিল্লা অঞ্চলে ‘‘বীজ বিক্রয় কলাকৌশল শীর্ষক’’ বীজ ডিলার প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি একথা বলেন। প্রশিক্ষণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, উপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা এর কৃষিবিদ মোঃ নিগার হায়দার খান। দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করেন, বিএডিসি, চট্টগ্রাম অঞ্চলের যুগ্ম পরিচালক কৃষিবিদ মোঃ মাহমুদুল আলম; কুমিল্লা জেলার বীজ প্রত্যয়ন অফিসার, কৃষিবিদ মোঃ এহতে সাম হায়দার; বিএডিসি ব্রাক্ষনবাড়িয়া

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*




অমর একুশে ফেব্রুয়ারি ২০২৩ মহান ভাষা শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারে কৃষি তথ্য সার্ভিসের সকল কর্মকর্তা-কর্মচারী শ্রদ্ধা নিবেদন করেন। *আশীষ তরফদার, কৃতসা, ঢাকা*

## হাকালুকি হাওরে বারি সূর্যমুখী-৩ এর মাঠ দিবস

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, সরেজমিন গবেষণা বিভাগ, সিলেট এর আয়োজনে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প (বারি অংগ) এর আর্থিক সহযোগিতায় মৌলভী-বাজারের জুড়ী উপজেলার হাকালুকি হাওরের বেলাগাঁও গ্রামে বারি উদ্ভাবিত সূর্যমুখীর খাটো জাত বারি সূর্যমুখী-৩ এর উৎপাদনশীলতা ও উৎপাদন প্রযুক্তি শীর্ষক মাঠ দিবস ২৫ ফেব্রুয়ারি ২০২৩ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ড. ফেরদৌসী বেগম, সভাপতি ড. মাহমুদুল ইসলাম নজরুল, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সরেজমিন গবেষণা বিভাগ, সিলেট, তিনি বক্তব্যে বলেন- চলতি রবি মৌসুমে সিলেট বিভাগের প্রতিটি জেলায় ব্যাপকভাবে বারি উদ্ভাবিত সূর্যমুখী, সরিষা, চীনাবাদাম এবং তিল ফসলের চাষ হয়েছে। বারি সূর্যমুখী-৩ চাষে অল্প খরচে অধিক আয়; জাত খাটো বলে বাতাসে হেলে পরে না; পরিচর্যা করতেও সুবিধা। তিনি আরো বলেন- সূর্যমুখীর




প্রকল্প সমন্বয়ক এবং মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএআরআই, বারি অংগ বলেন তেলের দাম বেড়ে যাওয়াতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় তেলের আমদানি নির্ভরতা কমানোর জন্য আমাদের পদক্ষেপ গ্রহণ করতে হবে। তেল ফসলের উৎপাদন বৃদ্ধির জন্য বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট অত্যন্ত গুরুত্বের সাথে কাজ করে যাচ্ছে। বারি সূর্যমুখী-৩ জাত উচ্চফলনশীল এবং রোগবালাই আক্রমণ কম হয়। সাথে মিষ্টি কুমড়া এবং ক্ষিরার মিশ্র চাষ করে উৎপাদন বাড়ানো সম্ভব। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মো. সাইফুল ইসলাম, ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৌলভীবাজার এবং সগবি সিলেট এর বৈজ্ঞানিক কর্মকর্তা মো.জুলফিকার। মাঠ দিবসে স্থানীয় কৃষক, গণ্যমান্য ব্যক্তি ও গণমাধ্যমের সাংবাদিকসহ প্রায় শতাধিক উপস্থিত ছিলেন

*আ.ন.ম. বোরহান উদ্দিন ভূঞা, সিলেট*

## ফলন বাড়াতে কৃষিবিদদের গবেষণা

*প্রথম পাতার পর*

ইনস্টিটিউট অব ফুড সিকিউরিটির সাথে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের পর ব্রি-তে এই কেন্দ্রটি স্থাপিত হয়।

যদিও প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করে বলেছেন, বাংলাদেশ শুধু খাদ্যশস্য উৎপাদনেই দৃষ্টান্ত স্থাপন করেনি, বরং বিভিন্ন ধরনের শাকসবজি, ফলমূল ও অন্যান্য কৃষিপণ্যও উৎপাদন করে যাচ্ছে। তিনি বলেন, 'চতুর্থ শিল্প বিপ্লবের সাথে তালমেলাতে, আমরা ন্যানো-প্রযুক্তি, বায়ো-ইনফরমেটিক্স, মেশিন, ইন্টারনেট ও অত্যাধুনিক কৃষি প্রযুক্তি সম্পর্কে জেনেছি। আমাদের এই প্রযুক্তিগুলো কাজেও লাগাতে হবে।'

কৃষিমন্ত্রী ড. মুহাম্মদ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবির স্বাগত বক্তব্য রাখেন। এ সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক ও যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল উপস্থিত ছিলেন।

এর আগে, মাননীয় প্রধানমন্ত্রী ব্রি'তে আগমন করে সেখানে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ নিবেদন করেন। এছাড়াও তিনি ব্রির সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বেলুন ও পায়রা উড়িয়ে দেন। তিনি চারাগাছ রোপণ, ব্রি ল্যাবরোটরি ও এর বিভিন্ন উদ্ভাবন পরিদর্শন এবং 'ধান-কাব্য' নামের একটি সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করাসহ বিভিন্ন কর্মসূচিতে অংশ নেন। অনুষ্ঠানে 'ব্রির ৫০ বছরের গর্ব ও সাফল্য' শীর্ষক একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। এছাড়াও তিনি ব্রি ও বিএআরসি এর পাঁচটি গবেষণা গ্রন্থের মোড়ক উন্মোচন করেন।

এ সময় কৃষি সচিব ওয়াহিদা আক্তার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)'র নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক জিন বালি, গোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যান্ড চিফ এক্সিকিউটিভ অফিসার স্টেভেন ওয়েব অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন।

জনসংখ্যা বৃদ্ধি পাওয়া সত্ত্বেও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করেছি উল্লেখ করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোট ২০০৮ সালের নির্বাচনে জয়লাভ করে ২০০৯ সালে সরকার গঠন করেই দেশে ২৬ লাখ মেট্রিক টন খাদ্য ঘাটতি পায়। আওয়ামী লীগ সরকার এ অবস্থা মোকাবিলায় কৃষি গবেষণা, কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ করে এবং কৃষকদের মধ্যে উচ্চফলনশীল বীজ-সার বিতরণ করে এবং কৃষকদেরকে সব ধরনের সহায়তা দেয়া হয়। এই উদ্যোগের ফলে আমরা খারাপ পরিস্থিতি কাটিয়ে উঠে সামনে এগিয়ে যাই।

> উচ্চফলনশীল বিভিন্ন জাতের ফসল চাষ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার করায় কৃষি উৎপাদন পর্যায়ক্রমে বৃদ্ধি পাচ্ছে। ব্রি উচ্চফলনশীল বিভিন্ন জাতের ধান উদ্ভাবন করেছে। এ পর্যন্ত ১১১ ধরণের ধানের আধুনিক জাত উদ্ভাবন করেছে। এর মধ্যে ১০৪টি ইনব্রিড এবং ৭ হাইব্রিড। জাতীয় ধান উৎপাদনে এর অবদান প্রায় ৯১ শতাংশ।

মাননীয় প্রধানমন্ত্রী বলেন, উচ্চফলনশীল বিভিন্ন জাতের ফসল চাষ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার করায় কৃষি উৎপাদন পর্যায়ক্রমে বৃদ্ধি পাচ্ছে। ব্রি উচ্চফলনশীল বিভিন্ন জাতের ধান উদ্ভাবন করেছে। এ পর্যন্ত ১১১ ধরণের ধানের আধুনিক জাত উদ্ভাবন করেছে। এর মধ্যে ১০৪টি ইনব্রিড এবং ৭ হাইব্রিড। জাতীয় ধান উৎপাদনে এর অবদান প্রায় ৯১ শতাংশ। ব্রি'র বিভিন্ন জাতের ধান উদ্ভাবন এবং প্রযুক্তি দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখায় বিজ্ঞানীদের প্রতি কৃতজ্ঞতা জানান।

মাননীয় প্রধানমন্ত্রী কৃষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগের কথা উল্লেখ করে বলেন, বঙ্গবন্ধুর পদাঙ্ক অনুসরণ করে আমরা কৃষিতে পদক্ষেপ নিয়েছি। কৃষির যান্ত্রিকীকরণের জন্য আমরা বিশেষ বরাদ্দ দিয়েছি। সরকার প্রধান দেশের তরুণদের কৃষিতে সম্পৃক্ত হওয়ার ওপর অধিক গুরুত্বারোপ করে বলেন, তরুণদের স্কুলজীবন থেকেই এটি শুরু করতে হবে।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## নতুন জাতের বারি টমেটো-১৭ ভাইরাস ও রোগ প্রতিরোধী



বারি উদ্ভাবিত টমেটোর বিস্তার ও জনপ্রিয়তা বৃদ্ধির লক্ষ্যে এবং এলাকার কৃষকদের অবহিত করার উদ্দেশ্যে ২৮ ফেব্রুয়ারি ২০২৩ চান্দিনা নাঁওতলা মাঠ দিবসের আয়োজন করা হয়। মাঠ দিবসে সরেজমিন গবেষণা বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা ড. মিঞা মোঃ বশীরের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন, বারি, কুমিল্লার প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ উবায়দুল্লাহ কায়ছার। বারি কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন ফল, সবজির মধ্যে বারি টমেটো-১৭ উল্লেখযোগ্য একটি জাত। এ জাতটি দেখতে হাইব্রিড টমেটোর মতো। ফলনও হাইব্রিডের চেয়ে বেশি। কৃষক পর্যায়ে বীজ উৎপাদন করে চাষ করা যায়। বিশেষ করে ভাইরাস ও বিভিন্ন রোগ সহনশীল হওয়ায় এজাতটি চাষ করে কৃষকরা বেশি মুনাফা অর্জন করতে পারেন। স্থানীয় কৃষকরা বলেন, এ জাতটি আকারে বড় হওয়ায় অন্যান্য জাতের চেয়ে ফলনের পরিমাণ বেশী। হেক্টরপ্রতি ফলন ৭০-৭৫ টন। প্রতিটি টমেটোর ওজন ১৮০-১৯০ গ্রাম হয়ে থাকে। বারি টমেটো-১৭ চাষ বাস্তবায়ন হলে আমাদের উৎপাদন খরচ অনেকাংশে কমে আসবে। কৃষকের বাণিজ্যিক কৃষিকে গুরুত্ব দিয়ে, সরেজমিন গবেষণা বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, কুমিল্লা এর উদ্যোগে কুমিল্লা চান্দিনা উপজেলার নাঁওতলা কৃষক মোঃ সফিক মিয়া ও মোঃ দুলাল মিয়ার জমিতে বারি টমেটো -১৭ এর প্রদর্শনী হিসেবে চাষ করা হয়।

*মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

## এ বছর পাটবীজের চাহিদা ৬৪০০ টন, আমদানির অনুমতি ৫২০০ টন

কৃষকের চাহিদার প্রতি লক্ষ্য রেখে এ বছর পাট ও পাটজাতীয় (মেস্তা ও কেনাফ) ফসলের বীজের বার্ষিক চাহিদা নির্ধারিত হয়েছে ৬ হাজার ৩৬৯ মেট্রিক টন। এর মধ্যে বিএডিসি সরবরাহ করবে ১ হাজার ৩০০ টন বীজ, আর প্রায় ৫ হাজার ২০০ টন বীজ ভারত থেকে আমদানির অনুমতি দেয়া হয়েছে।

সম্প্রতি ২মার্চ ২০২৩ কৃষিসচিব ওয়াহিদা আক্তারের সভাপতিত্বে জাতীয় বীজ বোর্ডের ১০৯তম সভায় এসব সিদ্ধান্ত গৃহীত হয়।

২০২৩-২৪ বছরে প্রায় ৭ লাখ ৬৪ হাজার হেক্টর জমিতে পাট, মেস্তা ও কেনাফ ফসল চাষ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এতে চাষের জন্য মোট পাটবীজের চাহিদা হলো প্রায় ৬ হাজার ৪০০ মেট্রিক টন। এর মধ্যে ৪ হাজার ৬০০ মেট্রিক টন ভারতীয় তোষা পাটের জাত জেআরও-৫২৪ এবং ৫৭৬ মেট্রিক টন মেস্তা/কেনাফের (মোট ৫১৭৬ মেট্রিক টন) বীজ আমদানির অনুমতি দেয়া হয়েছে।

উল্লেখ্য, জাতীয় বীজ বোর্ডের একই সভায় বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কর্তৃক বিজেধারআই তোষা পাট ৯ (সবুজ সোনা) ও বিজেআরআই কেনাফ (ফালগুনী কেনাফ) একটি তোষা পাট ও একটি কেনাফ এর জাত ছাড়করণের অনুমতি দেয়া হয়।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## ওরিয়েন্টেশন ও নবীন বরণ অনুষ্ঠান ২০২৩ অনুষ্ঠিত

কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, তাজহাট, রংপুর এর ২০২২-২৩ শিক্ষা বর্ষে ডিপ্লোমা ইন এগ্রিকালচার প্রথম পর্বের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ও নবীনবরণ অনুষ্ঠান ২০২৩ অনুষ্ঠিত হয়। বুধবার ১৫ ফেব্রুয়ারি ২০২৩ সকাল ১০ ঘটিকায় কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, তাজহাট, রংপুর এর শহীদ মিনার চত্বরে শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ও নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবু জুবাইর হোসেন, মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়। প্রধান অতিথি বলেন আমাদের চতুর্থ কৃষি বিপ্লবকে সামনে রেখে সামনের দিকে এগিয়ে যেতে হবে। আর এর অংশীদার তোমরা আজ যারা নবীন। তোমরা সৌভাগ্যবান যে তোমরা এই প্রতিষ্ঠানে ভর্তি হতে পেরেছ। বাংলাদেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এ ধারা আমাদের অব্যাহত রাখতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, তাজহাট, রংপুর এর অধ্যক্ষ, কৃষিবিদ মোঃ আফতাব হোসেন। তিনি বলেন, বর্তমানে প্রতিযোগিতার যুগ। কারণ বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মাধ্যমে চাকরির পরীক্ষা হবে। তাই যারা ভাল পড়ালেখা করবে, তারাই কাঙ্ক্ষিত সফলতা অর্জন করবে।

*সেখ জিয়াউর রহমান, কৃতসা, রংপুর*




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন মোঃ আবু জুবাইর হোসেন মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়*

## কুমিল্লায় বিএডিসির বীজ ডিলার প্রশিক্ষণ

*চতুর্থ পাতার পর*

জেলার উপপরিচালক (ক:গ্রো:) ড. মো: সোলাইমান তালুকদার; ব্রি, কুমিল্লার উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, ড. মোঃ মামুনুর রশীদ; বিএডিসি কুমিল্লার উপপরিচালক (উদ্যান) মোঃ শাজেদুর রহমান; বিএডিসি হোমনার উপপরিচালক, মোহাম্মদ আলী মিয়াজী; বিএডিসি ব্রাহ্মণবাড়িয়া জেলার সিনিয়র সহকারী পরিচালক (বীজ), শাহীনুর ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন, বিএডিসি কুমিল্লার উপসহকারী পরিচালক, মোঃ জহিরুল ইসলাম।

*মো: মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*




*প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ ইদ্রিস মিয়া, অতিরিক্ত মহাব্যবস্থাপক, বিএডিসি*

## সরকার প্রতি বছর বিপুল পরিমাণে অর্থ সারের ভর্তুকিতে ব্যয় করে —কৃষি সচিব



*যশোর আরএআরএস এ টিস্যু কালচার ল্যাবরেটরি উদ্বোধন করেন সম্মানিত সচিব জনাব ওয়াহিদা আক্তার, কৃষি মন্ত্রণালয়*

বঙ্গবন্ধু কন্যার সুদূর প্রসারী চিন্তার ফলে বাংলাদেশ আজ বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়িয়েছে। কৃষিসহ সকল সেক্টরের সম্মিলিত চেষ্টার ফলে এটা সম্ভব হয়েছে। এদেশের কৃষকেরা প্রতিকূল পরিবেশে অভিযোজন কৌশল অবলম্বন করে চাষাবাদ করেন। তাই, তাদের পাশে সকলকে দাঁড়াতে হবে। বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অঞ্চল কৃষি উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প আয়োজিত ১১ মার্চ ২০২৩ দুপুরে ডিএই যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক কার্যালয়ের সম্মেলন কক্ষে আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে কৃষি সচিব জনাব ওয়াহিদা আক্তার এসব কথা বলেন। তিনি আরো বলেন, সরকার প্রতি বছর বিপুল পরিমাণে অর্থ সারের ভর্তুকিতে ব্যয় করে। তাই পরিমিত সার ব্যবহারে কৃষকদের উদ্বুদ্ধ করতে উপস্থিত সকলের প্রতি আহবান জানান।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস এ কর্মশালায় সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সরেজমিন উইং এর পরিচালক মোঃ তাজুল ইসলাম পাটোয়ারী, যশোর অঞ্চলের অতিরিক্ত পরিচালক আবু হোসেন সহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর যশোর অঞ্চলের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ। এর আগে কৃষি সচিব যশোর আরএআ-রএস এর সম্মেলন কক্ষে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আয়োজিত গবেষণা সম্প্রসারণ কৃষক সন্নিবদ্ধ কর্মশালায় অংশগ্রহণ করেন।

এসময় তিনি আরএআরএস এ টিস্যু কালচার ল্যাবরেটরী উদ্বোধন করেন।

*কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা*

## দেড় লাখ টন সার আনতে তিউনিশিয়ার চুক্তি সই

*শেষ পাতার পর*

তিউনিশিয়া থেকে টিএসপি আমদানি করে আসছে। তিউনিশিয়ার টিএসপি সারের মান অনেক ভাল ও কৃষকের নিকট বেশ জনপ্রিয়। একই দিন কৃষিসচিব ওয়াহিদা আক্তার তিউনি-শিয়ার কৃষি, পানিসম্পদ ও মৎস্য মন্ত্রী আব্দেল মনাম বেলাতি এবং শিল্প, খনিজ ও বিদ্যুৎ মন্ত্রী নেইলা নৌরিয়া গঙ্গি এর সঙ্গে পৃথক বৈঠক করেন। বৈঠকে তিউনিশিয়ান মন্ত্রীদ্বয় বাংলাদেশের সাথে কৃষি ও বাণিজ্য ক্ষেত্রে দ্বিপাক্ষীয় সম্পর্ককে আরো বাড়ানোর আগ্রহ ব্যক্ত করেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## কৃষি উদ্যোক্তার মাধ্যমে লেবুজাতীয়

দ্বিতীয় পাতার পর

এলাচি লেবু, জারা লেবু, কলম্বো লেবু, সাতকরাসহ নানা ধরনের লেবুজাতীয় ফল রয়েছে। উৎপাদন বাড়িয়ে আমাদের দেশের লেবুজাতীয় ফসলের আমদানি নির্ভরতা কমাতে হবে। গোয়াইনঘাট উপজেলা কৃষি অফিসার রায়হান পারভেজ রনির উপস্থাপনায় কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন লেবু জাতীয় ফসলের সম্প্রসারণ, ব্যবস্থাপনা ও উৎপাদন বৃদ্ধি প্রকল্পের পরিচালক কৃষিবিদ ড. ফারুক আহমদ। কর্মশালায় কৃষি মন্ত্রণালয়ের অধীনে সিলেট ও কুমিল্লা 'অঞ্চলের ডিএই, ব্রি, বারি, বিএডিসি, কৃষি তথ্য সার্ভিস, এসসিএ, বিনা, এসআরডিআই এর কর্মকর্তাবৃন্দ এবং প্রদর্শনীভুক্ত কৃষক প্রমুখ অংশগ্রহণ করেন।




*কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. মো. রেজাউল করিম, পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা*

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## পুষ্টি কর্নার : তরমুজ



তরমুজ একটি অত্যন্ত সুস্বাদু ও পুষ্টিকর ফল। এতে প্রচুর পরিমাণে ক্যালসিয়াম, লৌহ ও ভিটামিন 'এ' বিদ্যমান। খাদ্যোপযোগি প্রতি ১০০ গ্রাম তরমুজ এ জলীয় অংশ ৯৫.৮ গ্রাম, খনিজ পদার্থ ০.৩ গ্রাম, হজমযোগ্য আঁশ ০.২ গ্রাম, খাদ্যশক্তি ১৬ কিলোক্যালরি, আমিষ ০.২ গ্রাম, চর্বি ০.২ গ্রাম, শর্করা ৩.৩ গ্রাম, ক্যালসিয়াম ১১ মিলিগ্রাম, লৌহ ৭.৯ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০৪ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ১ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। পাকা তরমুজ মূত্র নিবারক, দেহকে শীতল রাখে, অর্শ লাঘব করে। বীজের শাঁস খেলে লিভারের ফোলা ভাব কমে। আমাশয়, বীর্যহীনতা ও প্রস্রাবের জ্বালা পোড়া বন্ধ করে। ফল ও বীজ মাথা ঠাণ্ডা রাখে। তরমুজে রয়েছে প্রচুর পরিমাণে সাইটুলিন (অ্যামাইনো এসিড)। সাইটুলিন মানবদেহে আরজিনিন নামক আরেকটি গুরুত্বপূর্ণ অ্যামাইনো এসিড উৎপাদনে বলিষ্ঠ ভূমিকা রাখে।

*সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা*

## এক ডিজিটাল প্ল্যাটফর্মে মিলবে কৃষির ৪৫টি সেবা

শেষ পাতার পর

ফলে কৃষি মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থা প্রদত্ত নাগরিক সেবাসমূহ এক জায়গায় খুব সহজেই পাওয়া যাবে, সেবা প্রাপ্তিতে সময় কম লাগবে ও যাতায়াত খরচ হ্রাস পাবে।

এই পোর্টালের মাধ্যমে বর্তমান নাগরিক সেবাসমূহকে (যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে) খাত, ধরন দপ্তর/অধিদপ্তর অনুসারে সন্নিবেশ করা হয়েছে। কৃষক, উৎপাদক, ব্যবসায়ী, আমদানি কারক ও রপ্তানিকারকদের জন্য কৃষি পরামর্শ, শস্য, লাইসেন্স ও নিবন্ধন, সার, অনুদান ও ভর্তুকি, সেচ এবং কীটনাশক বিষয়ে মন্ত্রণালয় ও সকল সংস্থা প্রদত্ত সেবা ডিজিটালি পাওয়া যাবে। এখানে প্রতিটি সেবার বিপরীতে প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশ করা হয়েছে। কি প্রক্রিয়ায়, কত খরচে কার মাধ্যমে, কত সময়ে এবং কি কি প্রয়োজনীয় কাগজপত্রের মাধ্যমে সেবাসমুহ পাওয়া যাবে তা বিস্তারিতভাবে উল্লেখ করা হয়েছে। পাশাপাশি প্রতিটি সেবার সেবাপদ্ধতির ধাপসমূহ বর্ণনা করা হয়েছে।

পরে মাননীয় কৃষিমন্ত্রী মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি সভায় ফলমূল, শাকসবজি বা হর্টিকালচারে গবেষণা বাড়াতে বিজ্ঞানীদের নির্দেশ প্রদান করেন। তিনি বলেন, অর্থকরী ফলমূল, শাক-সবজি বা হর্টিকালচার গবেষণায় দেশের বিজ্ঞানীরা এখনো পিছিয়ে আছে। এখাতে বিজ্ঞানীদের অবদান খুব দৃশ্যমান নয়।

বেসরকারি কৃষি উদ্যোক্তাদের সাথে হর্টিকালচার নিয়ে মতবিনিময় করার জন্যও এসময় বিজ্ঞানীদের নির্দেশনা দেন মাননীয় কৃষিমন্ত্রী।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## করোনা কালীন মহামারীতেও বাংলার কৃষকেরাই

প্রথম পাতার পর

এবং ফসল উৎপাদন যেন ঠিক থাকে। কৃষকদের উচিত সারের অপচয় না করে সুষম মাত্রায় জমিতে সার ব্যবহার করা। ৪ মার্চ ২০২৩ রাজশাহী জেলার পবা উপজেলার মুরারীপুর হাইস্কুল মাঠে ক্লাইমেট স্মার্ট কনজারভেশন প্রযুক্তির মাধ্যমে ব্লাস্ট রোগ প্রতিরোধী ও জিংক সমৃদ্ধ বারি গম-৩৩ জাতের উপর কৃষক-কৃষাণী মাঠ দিবস ২০২২-২৩ অনুষ্ঠানে প্রধান অতিথি এসব কথা বলেন।

সচিব মহোদয় আরো বলেন, সরিষার তেল উৎপাদন এবং ব্যবহার বৃদ্ধি করতে হবে। যাতে সয়াবিনের তেল আমদানি নির্ভরতা কমে আসে। বর্তমান কৃষিবান্ধব সরকার কৃষি যান্ত্রিকীকরণ এর জন্য অনেক কিছু করছে। এজন্য শতকরা প্রায় ৫০ থেকে ৭০ ভাগ ভর্তুকিতে কৃষিযন্ত্র সরবরাহ করছেন।

অনুষ্ঠানে ডক্টর শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো: গোলাম ফারুক।

*কৃষিবিদ মোঃ আব্দুল্লাহ-হিল-কাফি*
*কৃতসা, রাজশাহী*

## টাঙ্গাইলে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি

শেষ পাতার পর

খাদ্য নিরাপত্তার প্রসঙ্গে ড. রাজ্জাক বলেন, কোভিড-১৯, রাশিয়া-ইউক্রেনের চলমান যুদ্ধ, অবরোধ-পাল্টা অবরোধের প্রভাবে বিশ্বব্যাপী কোটি কোটি মানুষের খাদ্য নিরাপত্তা চরম ঝুঁকির মধ্যে পড়েছে। বিশ্বব্যাপী 'খাদ্য নিরাপত্তাহীনতা' বেড়েছে। বেড়েছে ক্ষুধার্ত মানুষের সংখ্যা। কিন্তু প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের ফলে বাংলাদেশের মানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়েছে এবং বহুমুখী দুর্যোগের মধ্যেও বিশ্বে বাংলাদেশ কৃষি উন্নয়নের রোল মডেল হিসেবে আবির্ভূত হয়েছে।

মহামান্য রাষ্ট্রপতি এবং মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো: আবদুল হামিদের পক্ষে কৃষিমন্ত্রী এই সমাবর্তনে সভাপতিত্ব করেন ও ডিগ্রি প্রদান করেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন সিআরপি বাংলাদেশের প্রতিষ্ঠাতা ও সমন্বয়ক ভেলেরি অ্যান টেইলর। স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো: ফরহাদ হোসেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# টাঙ্গাইলে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তনে মাননীয় কৃষিমন্ত্রী

২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তুলতে আওয়ামী লীগের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, স্বাধীন বাংলাদেশে বাঙালিরা যাতে মাথা উঁচু করে দাঁড়াতে না পারে সে ব্যবস্থা পাকিস্তানি শাসকেরা করে গিয়েছিলো। অবকাঠামোগত ধ্বংসযজ্ঞের পাশাপাশি এই জাতির অমূল্য সম্পদ বুদ্ধিজীবীদের তারা হত্যা করেছিলো। সে রকম একটি ভঙ্গুর অবস্থা থেকে জাতিকে সামনের দিকে এগিয়ে নিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর শিক্ষার প্রসারে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছিলেন। ০৫ মার্চ ২০২৩ রোববার সকালে টাঙ্গাইলে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তনে সভাপতির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

ছাত্র-ছাত্রীদেরকে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়ে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, বর্তমান বিশ্বে একটি দেশের সার্বিক উন্নয়নে দক্ষ মানবসম্পদের ভূমিকা সবচেয়ে বেশি। আমাদের মতো দেশে- যাদের প্রাকৃতিক সম্পদ খুব সীমিত, সেখানে দক্ষ মানবসম্পদ আরো বেশি গুরুত্বপূর্ণ। তরুণেরাই আমাদের দেশের বিরাট শক্তি ও প্রকৃত সম্পদ। এই তারুণ্যের শক্তিকে কাজে



টাঙ্গাইলে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সমাবর্তনে সভাপতি মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি শিক্ষার্থীদের হাতে সম্মাননা প্রদান করেন

লাগাতে বর্তমান সরকারও নিরলস কাজ করে যাচ্ছে। এই বাস্তবতায়, প্রায়োগিক ও সময়োপযোগী শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের দক্ষ করে গড়ে তুলতে হবে। দেশের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের গ্রাজুয়েটদের নিজেদেরকে প্রস্তুত করতে হবে। শিক্ষকদেরও এ বিষয়ে আরো এগিয়ে আসতে হবে।

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## দেড় লাখ টন সার আনতে তিউনিশিয়ার সাথে চুক্তি সই



তিউনিশিয়ার রাজধানী তিউনিসে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং তিউনিশিয়ান কেমিক্যাল গ্রুপ (জিসিটি) এর মধ্যে চুক্তি সই করছেন

২০২৩ সালে দেড় লাখ মেট্রিক টন টিএসপি সার আনতে তিউনিশিয়ার সাথে সমঝোতা স্মারক ও চুক্তি সই হয়েছে। ১৪ ফেব্রুয়ারি ২০২৩ তিউ-নিশিয়ার রাজধানী তিউনিসে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং তিউনিশিয়ান কেমিক্যাল গ্রুপ (জিসিটি) এর মধ্যে এই চুক্তি সই হয়। চুক্তিতে বিএডিসির চেয়ারম্যান আব্দুল্লাহ সাজ্জাদ ও জিসিটির জেনারেল ম্যানেজার মোহাম্মেদ রিধা ছালঘৌম স্বাক্ষর করেন। এসময় কৃষিসচিব ওয়াহিদা আক্তার ও কৃষি মন্ত্রণালয়ের উপপ্রধান বদিউল আলম উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, বিএডিসি ২০০৮ সাল থেকে জিটুজি ভিত্তিতে এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

## এক ডিজিটাল প্ল্যাটফর্মে মিলবে কৃষির ৪৫টি সেবা উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী



সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ডিজিটাল সার্ভিসের উদ্বোধন করেন মাননীয় মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি, কৃষি মন্ত্রণালয়

এখন থেকে কৃষি মন্ত্রণালয় ও অধীনস্থ ১৭টি দপ্তর/সংস্থার ৪৫টি নাগরিক সেবা মিলবে একটি সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্মে। যা থেকে কৃষিকাজের সাথে সংশ্লিষ্ট দুই কোটিরও অধিক জনগণ সরাসরি এসব সুবিধা ভোগ করবেন। মন্ত্রণালয়ের ওয়েবসাইট (moa.gov.bd) থেকে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস (http://service.moa.gov.bd/portal/home) ট্যাবে ক্লিক করলেই এসব সেবা মিলবে।

১৫ মার্চ ২০২৩ বুধবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এ ডিজিটাল সার্ভিসের উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। এ সময় কৃষিসচিব ওয়াহিদা আক্তার এবং মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা ও সংস্থা প্রধানগণ ওয়াহিদা আক্তার এবং মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা ও সংস্থা প্রধানগণ উপস্থিত ছিলেন। এ সময় মাননীয় কৃষিমন্ত্রী বলেন, এ প্ল্যাটফর্ম চালুর

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd